

## জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির উনবিংশ/১৯তম সভার কার্যবিবরণী

ডঃ এস,ইউ,চৌধুরী, নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ এর সভাপতিত্বে জাতীয় বীজ বোর্ড এর কারিগরি কমিটির ১৯তম সভা গত ৭-২-১৯০২ (২৫শে মাঘ ১৩৯৬ বাং) তারিখ বুধবার বিকাল ২.০০ টায় বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উল্লিখিত সভায় কারিগরি কমিটির সদস্য এবং সংশ্লিষ্ট প্রজননবিদ/বিজ্ঞানী/কর্মকর্তাদের উপস্থিতিতে (সংযোজনী-১) নিম্নে বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

### আলোচ্য বিষয়-১ : জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১৮তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

জাতীয় বীজ বোর্ডের ১৮তম সভার কার্যবিবরণী বিভিন্ন গবেষণা ইনসিটিউটের প্রধান এবং সংশ্লিষ্ট বিজ্ঞানীসহ কারিগরী কমিটির সকল সদস্যদের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছিল। উক্ত কার্যবিবরণীর উপর আলোচ্য বিষয়-২ এর সিদ্ধান্তের প্রেক্ষিতে পরিচালক (কৃষি), বিজেআরআই, ঢাকা এর নিকট থেকে এক খানি প্রতিবাদ লিপি সদস্য-সচিব, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এবং প্রধান বীজ প্রত্যায়ন কর্মকর্তা, বীজ অনুমোদন সংস্থা, গাজীপুর সমীপে প্রেরণ করা হয়। আলোচনা সভাতেও গ্রীষ্মকালীন প্রতিবাদ লিপির উপর আলোচনা করা হয় এবং আলোচনা শেষে উক্ত কার্যবিবরণীর আংশিক পরিবর্তন সাপেক্ষে সদস্যগণ সর্বসমতিক্রমে ১৮তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের পক্ষে মতামত প্রদান করেন।

### সিদ্ধান্ত : জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১৮তম সভায় কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

### আলোচ্য বিষয়-২ : জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১৮তম সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন।

সভায় গত ০৫-০৮-১৯০২ তারিখে অনুষ্ঠিত কারিগরি কমিটির ১৮তম সভায় গৃহীত বিভিন্ন সুপারিশসমূহ যথারীতি গত ৩১-১০-৮৯ ইং তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের সভায় পেশ করা হয় এবং জাতীয় বীজ বোর্ডের সভার সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হয়। কারিগরি কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে উপস্থিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন।

### আলোচ্য বিষয়-৩ : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৌলিতত্ত্ব বিভাগ কর্তৃক উদ্ভাবিত সংস্কৃত জাত পিবি-১ (সোহাগ) এর অনুমোদন।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৌলিতত্ত্ব বিভাগ কর্তৃক উদ্ভাবিত সংস্কৃত জাত পিবি-১ এর অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রধান ব্যবস্থাপক (বীজ) জনাব এম এ মোকিত, সংশ্লিষ্ট প্রজননবিদ প্রফেসর ডঃ লুৎফুর রহমান এবং সভাপতি মহোদয়। বিস্তারিত আলোচনা এবং গবেষণামূলক বিভিন্ন তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষার পর উপস্থিত সদস্যগণ জাতটির অনুমোদনের পক্ষে জাতীয় বীজ বোর্ডের নিকট পেশ করার জন্য মতামত প্রদান করেন। এ জাতটির বাংলা নাম হিসাবে সোহাগ নির্বাচন করা হয়।

### সিদ্ধান্ত : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৌলিতত্ত্ব বিভাগ কর্তৃক উদ্ভাবিত সংস্কৃত জাত পিবি-১ (সোহাগ) বাংলাদেশে চাষাবাদের অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হয়।

### আলোচ্য বিষয়-৪ : বাংলাদেশ ইক্সু গবেষণা ও প্রশিক্ষণ ইনসিটিউট কর্তৃক উদ্ভাবিত আখের দু'টি জাত যথাক্রমে ইশ্বরদী-২০ এবং ইশ্বরদী-২১ এর অনুমোদনের জন্য পেশ করা হয়।

সভায় বাংলাদেশ ইক্সু গবেষণা ও প্রশিক্ষণ ইনসিটিউট কর্তৃক উদ্ভাবিত আখের দু'টি জাত যথাক্রমে ইশ্বরদী-২০ এবং ইশ্বরদী-২১ এর অনুমোদনের জন্য পেশ করা হয়। সভাপতি মহোদয়, সংশ্লিষ্ট প্রজননবিদ এবং উপস্থিত সদস্যগণ এ দু'টি জাতের উপর বিস্তারিত আলোচনা করেন। জাতীয় বীজ বোর্ডের নির্ধারিত আবেদন পত্র অসম্পূর্ণ এবং প্রয়োজনীয় তথ্যাদির অভাবহেতু এ দু'টি জাতের অনুমোদনের বিপক্ষে মতামত ব্যক্ত করেন এবং পরবর্তী সভায় এ'দুটি জাতের প্রয়োজনীয় তথ্যাদি সহ পুনরায় পেশ করার জন্য সংশ্লিষ্ট গবেষণা ইনসিটিউট ইনসিটিউটকে জানানোর জন্য সভা কর্তৃক সুপারিশ করা হয়।

### সিদ্ধান্ত : বাংলাদেশ ইক্সু গবেষণা ও প্রশিক্ষণ ইনসিটিউট কর্তৃক উদ্ভাবিত আখের জাত যথাক্রমে ইশ্বরদী-২০ এবং ইশ্বরদী-২১ এর অনুমোদনের জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ জাতীয় বীজ বোর্ডের আবেদন পত্র সম্পূর্ণভাবে পূরণ করে পুনরায় সংশ্লিষ্ট গবেষণা ইনসিটিউট কর্তৃক পেশ করতে হবে।

আলোচনা শেষে সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর  
সদস্য-সচিব  
কারিগরি কমিটি জাতীয় বীজ বোর্ড  
এবং  
প্রধান বীজ প্রত্যয়ন কর্মকর্তা  
বীজ অনুমোদন সংস্থা।

স্বাক্ষর  
ডঃ এস.ইউ. চৌধুরী  
সভাপতি  
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড  
এবং  
নির্বাহী সহ-সভাপতি  
বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ।

পরিশিষ্ট-ক  
উপস্থিত সদস্যদের তালিকা।

ক্রমিক নং নাম

- ১। মোঃ আব্দুল খালেক
- ২। এম. মাহতাব উদ্দিন
- ৩। Kcvimc, stout
- ৪। লুৎফুর রহমান
- ৫। নূর মোহাম্মদ মিয়া
- ৬। মোঃ মাইছের আলী
- ৭। এস.এ মোকিত
- ৮। এ.এ করিম
- ৯। আব্দুল আউয়াল
- ১০। মোঃ আব্দুস সাত্তার

পদবী ও প্রতিষ্ঠান

- প্রকল্প পরিচালক, তৈল বীজ, বিএআরআই  
সিএসও, বিজেআরআই  
M.C.C Soybean, Agronomist  
পফেসর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়  
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিআরআরআই  
পরিচালক (কৃষি), বিজেআরআই  
প্রধান ব্যবস্থাপক (বীজ), বিএডিসি  
পি.সি.বি (গ্রেড-১), এসআরটিআই  
প্রধান ইক্সু প্রজননবিদ  
পরিচালক (ভারপ্রাণ), সরেজমিন শাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর